গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড

রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও

শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

www.nbr.gov.bd

তারিখ: ৩০ জুন, ২০২৫ খ্রিস্টাব্দ

**প্রেস রিলিজ**

**০১ জুলাই, ২০২৫ খ্রিঃ তারিখ হতে আমদানি-রপ্তানি সংশ্লিষ্ট সার্টিফিকেট, লাইসেন্স, পারমিট অনলাইনে ইস্যু করা বাধ্যতামূলক**

জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পের আওতায় Bangladesh Single Window (BSW) System ইতোমধ্যে কার্যকর করা হয়েছে। BSW মূলত একটি অনলাইন প্লাটফর্ম, যা ব্যবহার করে একজন আমদানিকারক-রপ্তানিকারক পণ্য খালাসের জন্য প্রযোজ্য সব ধরনের সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট (CLP) এর জন্য অনলাইনে আবেদন করে স্বয়ংক্রিয়ভাবে CLP সংগ্রহ করতে পারবেন। CLP গ্রহণের পূর্বে Business Identification Number (BIN) ব্যবহার করে BSW সিস্টেমে (Website: bswnbr.gov.bd) নিবন্ধন করতে হবে। এই সিস্টেম ব্যবহারের ফলে আমদানি-রপ্তানি কার্যক্রমে যে সকল সুবিধা পাওয়া যাবে সেগুলো হলো:

- একটি কমন প্লাটফর্মে আমদানি-রপ্তানি পণ্যের জন্য প্রযোজ্য সার্টিফিকেট, লাইসেন্স এবং পারমিট সংক্রান্ত সকল কার্যক্রম সংশ্লিষ্ট সকল সংস্থা কর্তৃক যুগপৎভাবে অনলাইনে সম্পন্ন করা হবে;
- সরকারী কাজে ব্যক্তিগত যোগাযোগ (হিউম্যান ইন্টারেকশন) না থাকায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে;
- পণ্য আমদানি-রপ্তানির ক্ষেত্রে সময় ও ব্যয় হ্রাস পাবে;
- দেশি-বিদেশী ব্যবসায়ীদের মধ্যে আস্থা সৃষ্টির মাধ্যমে বিনিয়োগ ও বাণিজ্যের প্রসার ঘটবে।

জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন Bangladesh Single Window (BSW) System হতে ইতোমধ্যে স্বয়ংক্রিয়ভাবে ইস্যুকৃত সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট (CLP) এর সংখ্যা অদ্য ৩০/০৬/২০২৫ তারিখে ৩,৮৯,০১৫ (তিন লক্ষ উননব্বই হাজার পনের) অতিক্রম করেছে। সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট (CLP) সমূহের ৮৫.৯৭% একঘন্টার কম সময়ে এবং ৯৪.৬৩% একদিনের কম সময়ে স্বয়ংক্রিয় প্রক্রিয়ায় ইস্যু করা হয়েছে। ইতোমধ্যে সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট ইস্যুকারী ১৯টি সংস্থার (DGDA, EPB, DoEX, BNACWC, BEZA, BEPZA, DoE, BSTI, BAERA, BAEC, CAAB, BTRC, DOF, DLS, PQW, BIDA, BGMEA, BKMEA, CCI&E) ক্ষেত্রে ইস্যুকৃত সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট Bangladesh Single Window (BSW) সিস্টেমের মাধ্যমে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, ০১ জুলাই, ২০২৫ খ্রি. তারিখ হতে আমদানি ও রপ্তানি পণ্যচালান শুল্কায়নের ক্ষেত্রে উক্ত ১৯টি সংস্থা কর্তৃক ইস্যুকৃত সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট Bangladesh Single Window (BSW) সিস্টেমের মাধ্যমে দাখিল বাধ্যতামূলক করা হয়েছে।

আমদানি-রপ্তানি বাণিজ্যে যুক্ত সকল অংশীজনকে Bangladesh Single Window (BSW) বাস্তবায়নে সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হলো। যেকোন প্রয়োজনে কল সেন্টার এ (Hotline: 16139) ফোন করে এবং ওয়েবসাইট (www.bswnbr.gov.bd) থেকে BSW সংক্রান্ত সকল সেবা গ্রহণ করা যাবে।

মো: আল-আমিন শেখ
জনসংযোগ কর্মকর্তা
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা
০১৭৩৭২৬০০৫৩